গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০৫.২০১৫- ৬৬৩

তারিখ ঃ ২৫/০৪/১৪২৩ বঙ্গাব্দ
০৯/০৮/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় ঃ শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ইন্সটিটিউটের ''জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল)'' পদের প্রিলিমিনারী (MCQ) পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ইন্সটিটিউটের ''জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল)'' পদের ১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ পদ্ধতির বাছাই পরীক্ষা আগামী ১৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখ নিম্নে উল্লিখিত পরীক্ষা কেন্দ্রে পাশে বর্ণিত তারিখে ও সময়ে অনুষ্ঠিত হবে ঃ-

কেন্দ্রের নাম	পদের নাম	তারিখ, দিন ও সময়
লালমাটিয়া মহিলা কলেজ, লালমাটিয়া, ঢাকা।	''জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/সিভিল)'', বিজ্ঞপ্তি নং- ১২৩, তারিখ ঃ ২৮/১২/২০১৫।	**১৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখ রোজ – শুক্রবার সকাল- ১০.০০ টা থেকে ১১.০০ টা পর্যন্ত।**

পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী ঃ

পরীক্ষার তারিখ, দিন ও সময়	নির্ধারিত সময়	পরীক্ষার্থীদের করণীয় কাজ
১৯/০৮/২০১৬ খ্রিঃ তারিখ রোজ – শুক্রবার সকাল- ১০.০০ টা থেকে ১১.০০ টা পর্যন্ত।	সকাল ৯.১৫ মিঃ	পরীক্ষার্থীগণ নির্ধারিত হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন।
	সকাল ৯.৩০ মিঃ	পরীক্ষার্থীগণকে উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো বলপয়েন্ট কলম দিয়ে লিখবেন এবং স্বাক্ষর করবেন। উত্তরপত্রের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপেন দিয়ে ভরাট করবেন। পরীক্ষার্থীগণ হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র খুলে টেবিলের উপর রাখতে হবে।
	সকাল ১০.০০ টা	পরীক্ষার্থীগণকে প্রশ্নপ্রত্র দেয়া হবে এবং মূল পরীক্ষা শুরু হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে প্রশ্নের সেট নম্বর লিখবেন এবং সেট নম্বরের জন্য নির্ধারিত বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। অতঃপর উত্তর দান শুরু করবেন। উত্তরপত্র ও প্রশ্নপত্রের সেট ভিন্ন হলে এবং সেট নম্বর না লিখলে উত্তরপত্র বাতিল হবে।
	সকাল ১১.০০ টা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রশ্নপত্র পরীক্ষার্থীগণ নিয়ে যাবেন। পরীক্ষা শেষ হবার ঘন্টা বাজার পর কোন প্রার্থী আর কোন প্রশ্নের উত্তরদানের চেষ্টা করবেন না; অন্যথায় পরীক্ষা বাতিল হবে।

(১) পরীক্ষার্থীদের রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর/ঘরগুলো শুন্য দিয়ে পূরণ করে রেজিঃ নম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের প্রযোজ্য বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। কোন প্রার্থীর প্রবেশপত্রে প্রদত্ত রেজিঃ নম্বর অস্পষ্ট হলে তা কমিশন সচিবালয়ের প্রধান কার্যালয়, ঢাকা হতে যথা সময়ে সঠিকভাবে জেনে নিতে হবে। প্রার্থীরা এ সংক্রান্ত অতিরিক্ত তথ্য কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd থেকে পেতে পারেন।

ক্রমশ.../২

(২) সকাল ১০.০০ ঘটিকার পর কোন প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে এবং পরীক্ষা কক্ষ ত্যাগ করতে দেয়া হবে না।

(৩) প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থী পুনরায় প্রবেশের অভিপ্রায়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

(৪) পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর (সায়েন্টিফিক ক্যালকুলেটর নয়) ব্যবহার করা যাবে। কিন্তু বইপুস্তক, ব্যাগ, কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র কোনক্রমেই সাথে আনা বা ব্যবহার করা যাবে না।

(৫) এ পরীক্ষায় যে কোন রকম অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল থেকে বহিস্কার করা হবে। কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরনের জন্য দোষী সাব্যস্ত হলে তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। এছাড়া ক্ষে
ত্র বিশেষে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।

[পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

স্বাঃ ০১/০৮/২০১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০৫.২০১৫-৬৬৩/১(২৫)

তারিখঃ ২৫/০৪/১৪২৩ বঙ্গাব্দ
০১/০৮/২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১) পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২) উপ-সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট), পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪) সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫) জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬) সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী, খুলনা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও রংপুর।
৭) জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার, আই সি টি শাখা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
বিজ্ঞপ্তিটি কর্ম কমিশনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮) হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯) ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞ সদস্য-১, ২, ৩, ৪ ,৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞ সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০) অতিঃ সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১) অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২) অফিস নথি।

(মোঃ ওয়াজেদ আলী)
পরিচালক
ফোনঃ ৫৫০০৬৬২৯